সমস্যাটি নীতি নির্ধারকদের এবং পরিকল্পনায়। কমপিউটার বিষয়ে ছাত্র-ছাত্রী কিংবা অভিভাবকদের উৎসাহের কোন কমতি নেই। যার প্রতিফলন লক্ষ্য করা যায় এ বছর চার বোর্ড হতে এসএসসি-তে বিজ্ঞান বিভাগ হতে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত মোট ১৬০ জন ছাত্র-ছাত্রীর অধিকাংশই কমপিউটারবিদ হতে চেয়েছেন। সম্প্রতি প্রকাশিত এইচএসসি ফলাফলে কৃতিমান তরুণ-তরুনীদের মতামতও তাই। দুঃখজনক হলেও সত্যি কথাটি হলো মেধাবী তরুণ-তরুনীদের ইচ্ছেকে পূরণ করার মত পর্যাপ্ত সংখ্যক সীট বা সুবিধা আমাদের বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নেই।

তাই দেখা যায় অনেকটা বাধ্য হয়ে এদেশের মেধাবী ছাত্র-ছাত্রীরা বিদেশে পাড়ি দেয়। এক তথ্য থেকে জানা যায় বাংলাদেশের প্রায় ৮০ হাজার শিক্ষার্থী বিদেশে পড়াশোনা করছে। এদের মধ্যে যারা বিজ্ঞান বিষয়ে রয়েছে তাদের অধিকাংশ কমপিউটার বিজ্ঞানের ছাত্র। এরা পড়ছে সিঙ্গাপুর, থাইল্যান্ড, ভারত, যুক্তরাষ্ট্র, কানাডা এবং সাইপ্রাসে। এদের মধ্যে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত হতে শুরু করে বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থী রয়েছে। উচ্চশিক্ষা শেষে এরা অনেকেই দেশে ফিরে আসে না। এভাবে জাতি হারায় তার মূল্যবান মেধা সম্পদকে। এ প্রসঙ্গে প্রথমবারের মত যে ৬০ জন কমপিউটারবিদ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে পাস করে বের হচ্ছে তাদের কয়েকজনের সাথে আলাপ করা হয় তাদের ভর্তি পূর্ব অনুভূতি ও বের হয়ে যাবার সময়কার অনুভূতির পার্থক্য এবং ভবিষ্যত কর্ম পরিকল্পনা জানার জন্য। চৌধুরী ফারহানা হায়দার, শামীম ফিরোজ আকতার, লায়লা খালদুন নাহার, নিয়াজ রহিম পাভেল, অহিউদ্দিন মাহবুব প্রমুখ কৃতি ছাত্র ছাত্রীদের সাথে আলাপে যা জানা গেছে তার সারসংক্ষেপ করলে (সারসংক্ষেপ এজন্যই যে সবাই কম-বেশী একই কথা বলেছেন) যা দাঁড়ায় তা এমন- নতুন বিষয়, অনেক আশা উদ্দীপনা নিয়ে ভর্তি হয়েছিলাম। কিন্তু যা শেখেছি তা বোধ হয় যথেষ্ট নয়। বাস্তব যথেষ্ট কঠিন মনে হচ্ছে। মনে হচ্ছে এক চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছি। উচ্চশিক্ষার জন্য এরা সবাই বাইরে যেতে চায়। তেমন সুযোগ পেলে বাইরে থেকে যাওয়ার কথা যেমন বলেছে কেউ কেউ তেমনি দেশের জন্য কাজ করার ইচ্ছেও পোষন করেছে অনেকে। তবে সেক্ষেত্রে গাইড হিসেবে দক্ষ ও অভিজ্ঞ লোকের প্রয়োজন অনুভব করে তারা। যেটি নিশ্চিত করার দায়িত্ব এদেশের সরকারের।

১৯৯২ সালের এপ্রিলে মাসিক কমপিউটার জগৎ এর সম্পাদনা উপদেষ্টা মোঃ আবদুল কাদের বিসিসির অনুরোধে সাড়া দিয়ে কমপিউটারের ব্যাপক প্রসারের স্বার্থে এ বিষয়ে সরকারের আশু করণীয় সম্পর্কে সংক্ষিপ্ত আকারে অনেকগুলো পরামর্শ প্রদান করেন। মোট ১০টি পয়েন্টে উল্লেখিত পরামর্শ সমূহের মধ্যে প্রথমটিই ছিল- 'সব স্কুল কলেজে পর্যায়ক্রমে বিজ্ঞান শিক্ষা চালু করার সুনির্দিষ্ট কর্মসূচী প্রনয়ন করতে হবে। দেশের পলিটেকনিক ইন্সটিটিউট এবং সব বিশ্ববিদ্যালয়েও কমপিউটার সায়েন্স এবং এপ্লিকেশনের উপর শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে। এ শিল্পের ব্যাপক বিকাশের জন্য দক্ষ জনবল অন্যতম উপাদান। বিদেশেও এদের চাহিদা অফুরন্ত। এ বিষয়ে শিক্ষামন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

পরামর্শের কপি মাননীয়া প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট সকল বিভাগে পাঠানো হয়। এরপর দীর্ঘ দেড় বছর পার হয়ে গেলেও প্রয়োজনীয় কাজটুকু সম্পন্ন করতে ব্যর্থ হয়েছে এদেশের জ্ঞানী-গুনী-বিশেষজ্ঞ ও আমলাগণ। সমন্বিত কোন শক্তিরূপেও তারা এখনো দাড়াতে পারেননি। কিংবা কোন কার্যকরী পরিকল্পনাও প্রণীত হয়নি। এর নীট ফলাফল- আমরা জানি না কমপিউটার শিক্ষায় আমাদের দেশের বাস্তব চিত্রটি কি? আর খুঁজে পেতে যা জানলাম তা উদ্বেগজনক। এর নিরসনে ঐক্যবদ্ধ আন্দোলনের কোন বিকল্প নেই।

স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে কমপিউটার শিক্ষার ব্যাপক প্রচলন করে কমপিউটারে দক্ষ মানব সম্পদ তৈরীর মাধ্যমে এবং সরকারের সামান্য রাজস্ব পদক্ষেপ গ্রহনের মাধ্যমে জনগণের হাতে কমপিউটার তুলে দিলে পৃথিবীর অগ্রসর নৃতাত্ত্বিক মেধাভান্ডার হিসেবে চিহ্নিত এদেশের তথ্যপ্রযুক্তির যোদ্ধারা এদেশকে তার সমগ্র জনসংখ্যার ভারসহ দারিদ্র্যমুক্ত করার ক্ষমতা রাখে। এ উপলব্ধি বাস্তবায়নের মাধ্যমেই জাতির উন্নতি নিশ্চিত করা সম্ভব।❑

## গ্লোবাল নেটওয়ার্ক

(২৬ নং পৃষ্ঠার পর)

প্রসঙ্গক্রমে ভারতীয় এক ম্যাগাজিনে মেসেজ পাঠানোর উপর একটি বিজ্ঞাপনকে আলোচনায় টানছি। বোম্বের 'বিদেশ সঞ্চার নিগম লিমিটেড' বিজ্ঞাপনটিতে বলেছে যে কেউ মাত্র ১০ রুপীর বিনিময়ে ১০০০ অক্ষরের একটি বার্তা পৃথিবীর যে কোন দেশে পাঠাতে পারেন তাদের মাধ্যমে। অর্থাৎ সাধারণ চিঠি পাঠানোর সমান বা কম খরচে আপনি আপনার বার্তাটি পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে পাঠাতে পারেন বিদ্যুত বেগে।

এমনি আধুনিক যোগাযোগ সুবিধে কি আমরা পেতে পারি না? আর কতকাল বঞ্চিত হবো আমরা? কত আর পিছিয়ে দেবেন আমাদের? কর্তৃপক্ষ সজাগ হবেন কি? ❑


# MAPLE COMPUTERS

***WE SERVE QUALITY & THE QUALITY SERVES US***

maxell

3M

**Products available :**

* COMPUTER 386 SX / 386 DX / 486 DX2
* HDD 80/120/160/200/250 MB, SEGATE/CONNER
* FDD 3.50" & 5.25", 1.2 & 1.44 MB (TEAC)
* FDD/HDD CONTROLLER & DISPLAY CARD
* FLOPPY DISKETTES 3.50"/5.25", DD & HD
* PRINTER RIBBON EPSON ALL MODELS
* TONAR CARTRIDGE HP BRAND
* DUST COVER FOR COMPUTER & PRINTER
* DISK BANK, CLEANING KIT, MOUSE PAD
* KEYBOARD, MOUSE, DATA SWITCH
* VOLTAGE STABILIZER & U.P.S.
* COMPUTER PAPER & TRACING PAPER




**AND MORE OTHER PERIPHERALS AND ACCESSORIES.**

**## COMPUTER HARDWARE SERVICING ## SOFTWARE DEVELOPMENT & DATA ENTRY**

**Please Contact:** 16, Dilkusha C/A, (2nd floor)
**Tel : 242131, Fax : 863658**

SONY

**# # HOME DELIVERY SERVICE # #**